কোটচাঁদপুরে দিনে দুপুরে জুয়েলারী দোকানে চুরি, সিঁন্দুকের স্বর্ণালঙ্কার লুট!

ঝিনাইদহের কোটচাঁদপুরে একটি জুয়েলারী দোকানে অভিনব কায়দায় চুরি সংঘটিত হয়েছে। বৃহস্পতিবার ভোর পৌনে ৬টার দিকে পৌর শহরের দুধসরা রোডে (ব্র্যাক ব্যাংকের নিচে) অবস্থিত অন্তরা জুয়ের্লাসে অভিনব এ চুরির ঘটনা ঘটে। এসময় সংঘবদ্ধ চোর চক্র জুয়েলারী দোকানের সিঁন্দুক থেকে স্বর্ণালঙ্কার চুরি করে পালিয়ে যায়।

শহরের দুধসরা রোডে অবস্থিত অন্তরা জুয়েলার্সের মালিক দীপংকর জানান, প্রতিদিনের ন্যায় তিনি বুধবার রাতে দোকানের তালা বন্ধ করে বাসায় গিয়েছিলেন। বৃহস্পতিবার সকালে দোকান খুলতে গিয়ে তিনি একটি শার্টারের মাঝখানে উঁচু দেখতে পান। পরে দোকানের ভিতরে প্রবেশ করে বন্ধ রেখে যাওয়া সিঁন্দুকটি খোলা দেখেন। দীপংকর দাবি করেন, সিঁন্দুকের ভিতর থেকে প্রায় ১৫ ভরি স্বর্ণ নিয়ে গেছে চোর চক্র। যার বাজার মূল্য প্রায় ১০ লক্ষ টাকা।

এদিকে মার্কেটের সিসি ক্যামেরার ভিডিও ফুটেজে দেখা যায় সকাল ৫টা ৫৫ মিনিটে লুঙ্গি পরিহিত ৪/৫ জন যুবক অন্তরা জুয়েলার্সের সামনে একটি কালো রঙ্গের পলিথিন আড়াল করে দাড়িয়ে আছে। এক পর্যায়ে তারা চক্রের এক সদস্যকে জুয়ের্লাসের শার্টারের মাঝ বরাবর উঁচু করে ভিতরে প্রবেশ করায়। এর ১০ মিনিট পর ভিতর থেকে লোকটি একটি সাদা ব্যাগ হাতে বেরিয়ে আসে এবং চক্রের সদস্যরা ঘটনাস্থল ত্যাগ করে।

খবর পেয়ে ঘটনাস্থল পরির্দশন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর পুলিশ ফাঁড়ি ইনচার্জ আক্তারুজ্জামান লিটন সহ পুলিশের একটি টিম। এসময় ওসি মাহবুবুল আলম জানান, চুরির ঘটনায় ভিডিও ফুটেজ সংগ্রহ করেছি। এঘটনায় কি পরিমাণ স্বর্ণালঙ্কার চুরি হয়েছে, সেটি দোকান মালিকের কাছ থেকে স্বর্ণের হিসাব ও তদন্তের পর জানা যাবে।

পুলিশ জানায় এ ঘটনায় থানায় মামলার প্রস্তÍতি চলছে।

উল্লেখ্য গত বছরের ২৫ ডিসেম্বর অন্তরা জুয়েলার্সের পার্শ্ববর্তী একটি মার্কেটের শ্যামল চাউল ভান্ডার ও রত্না বস্ত্রালয়ে একই

কায়দায় চুরির ঘটনা ঘটে। সে ঘটনায় নগদ ৬৫ হাজার টাকা নিয়ে যায় সংঘবদ্ধ চোর চক্র।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে মুকুল হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলার মোল্লাডাঙ্গা মাঠে মটর চালাতে গিয়ে সে মারা যায়। মুকুল ওই গ্রামের আব্দার মন্ডলের ছেলে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, সকালে মাঠে ধানের জমিতে পানি দেওয়ার জন্য মোটর চালু করতে যায়।

এসময় মোটর ঘরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তিনি মারা যায়।

মহেশপুরে অবৈধ ভাবে সীমান্ত দিয়ে ভারতে যাওয়ার সময় নারী- শিশুসহ ৭জন আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্ত দিয়ে অবৈধ ভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার সময় ১শিশু, ৫ নারীসহ ৭জনকে আটক করেছে বিজিবি। বৃহষ্পতিবার ভোরে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো চয়ন বিশ্বাস (২০), প্রিয়াংশা বিশ্বাস (১৮), রিমু বিশ্বাস (০৩),রুনু বিশ্বাস (৩৫), মিনতী বিশ্বাস (৩০), নমিতা রায়

(৩২) এবং সুমি আাক্তার (২৫)। সকলের বাড়ি গোপালগঞ্জ উপজেলার ডোমরাশুর ও বাগেরহাটের নলবুয়িনা গ্রামে।

খাশিলপুর ৫৮ বিজিবির পক্ষে সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে শ্যামকুড় বিওপির সীমান্ত পিলার ৬১/১০৫ নেপা মাঠ হতে এই ৭ জনকে আটক করা হয়।

এ ব্যপারে অবৈধ ভাবে সীমান্ত অতিক্রম করার দায়ে বাংলাদেশ পাসপোর্ট অধ্যাদেশ১৯৭৩ এর ১১(১)/(গ) ধারায় মহেশপুর থানায় সোর্পদ করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা হয়েছে । যার নং ১৮।

আলমডাঙ্গায় পাঁচ বছরের নাতনীকে ধর্ষন করলো নানা

আলমডাঙ্গার ছত্রপাড়া গ্রামে চকলেটের লোভ দেখিয়ে পাঁচ বছরের এক মেয়েকে ধর্ষনের অভিযোগ উঠেছে ধর্ষিতার নানার বিরুদ্ধে। বুধবার বিকেলে ধর্ষনের ঘটনা ঘটে। রাতে থানায় অভিযোগ দায়ের করলে নানা আব্বাস আলীকে বৃহস্পতিবার গ্রেফতার করে পুলিশ।

জানা গেছে, ডাউকি ইউনিয়নের ছত্রপাড়া গ্রামের জামাল উদ্দিনের পাঁচ বছরের মেয়ে বুধবার বিকেলে বাড়ির বাইরে খেলা করছিল। এ সময় মেয়েটির নানার চাচাত ভাই আব্বাস আলী (৪৫) তাকে চকলেটের লোভ দেখিয়ে বাড়ির নির্জন একটি কক্ষে নিয়ে ধর্ষন করে বলে অভিযোগ ওঠে। মেয়েটি বাড়িতে এসে তার আপন নানাকে সব ঘটনা বলে দেয়।

রাতেই মেয়েটির নানা আলমডাঙ্গা থানায় এসে অভিযোগ দায়ের করেন। বৃহস্পতিবার সকালে থানার এসআই আমিনুল ইসলাম আব্বাস আলীকে গ্রেফতার করে থানায় নিয়ে আসেন।

থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর বলেন, শিশু ধর্ষনের অভিযোগ পেয়ে পুলিশ তদৗল্প শুরু করে। এর সত্যতা পেয়ে অভিযুক্ত আব্বাস আলীকে গ্রেফতার করা হয়েছে।

বারাদিতে আশা এনজিওর পক্ষ থেকে বৃক্ষরোপন

বঙ্গবন্ধু শেখ মজিবর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজার ব্রাঞ্চ আশা এনজিওর বৃক্ষরোপন।

বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে আশা এনজিও বারাদী বাজার ব্রাঞ্চের সহকারী ম্যানেজার মাজেদুল আলম বৃক্ষরোপন উদ্ধোধন করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন সিনিয়র লোন অফিসার আবুল কাশেম ও শামিমুল হাসান।

বারাদী বাজার থেকে মালসাদহ সড়কের হাসানাবাদ ও বর্শিবাড়িয়া গ্রামে বৃক্ষরোপন করা হয়।

মেহেরপুরের উন্নয়ন ভাবনা-২য় পর্ব

৩। মেহেরপুর জেলাবাসীর জীবনের সাথে অতোপ্রত ভাবে জড়িয়ে আছে মেহেরপুর জেনারেল হাসপাতাল এবং মা ও শিশু কেন্দ্রটি। হাসপাতালের বয়স আজ ২০/২২ বছর হলো কিন্তু চার গুণ রোগীর সংখ্যা বৃদ্ধি পেলেও চিকিৎসা সেবা বহুধাপ নেমেছে নীচে, যা আমাদের জন্য খুবই দুর্ভাগ্যজনক।

এই হাসপাতালের উপর ভর করে অনেকে বড় বড় নেতা ও সম্পদশালী হয়েছেন এবং হচ্ছেন অথচ হাসপাতালের দুঃসময় তাদের কাছে শুধুই রাজনীতির হাতিয়ার মাত্র। উল্লেখ্য ইতোমাধ্যে নতুন ভবনের কাজ শুরু হয়েছে ।

চরম অবহেলিত এই আধুনিক হাসপাতালকে ২৪ ঘন্টা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা, সেন্ট্রাল এসি, লিফ্ট সিস্টেম করা সহ সাধারণ মানুষের সর্বোচ্চ সেবা পাওয়ার সুনিশ্চিত ব্যবস্থা করা এবং ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল এন্ড মেডিকেল কলেজে উন্নতিকরণসহ পর্যাপ্ত চিকিৎসকের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

অনুমোদন প্রাপ্ত নার্সিং ইনষ্টিটিউট দ্রুত বাস্তবায়ন, মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি দীর্ঘদিন ডাক্তার বিহীন সেবা চলছে এবং ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সগুলির সেবা নিশ্চিত করাসহ মেহেরপুর শহরসহ ২ উপজেলায় ডায়াবেটিস হাসপাতাল আধুনিক উন্নয়নের পদক্ষেপ গ্রহণ। সমৃদ্ধি অর্জনের পূর্বশর্ত দেশ প্রেম চেতনায় সৃষ্টিশীল মেধা প্রতিভা ও সততার সর্বোচ্চ সম্মান এবং মূল্যায়ন করতে হবে।

৪। আগামীতে নিশ্চিত পানি যুদ্ধ। এই যুদ্ধের অন্যতম ভয়াবহতা মোকাবেলা করতে হবে মেহেরপুরবাসীকে। সেইদিক বিবেচনা করেই এখন কেবলই স্মৃতি বিজড়িত বাংলার নদী মাতৃক নিশ্চিত প্রবাহকে ফিরিয়ে আনতে বিশেষ পরিকল্পনাকে কাজে লাগিয়ে মেহেরপুর জেলার প্রাণ ভৈরব, কাজলা ও ছেওটিয়া নদী সহ সকল নদী পরিকল্পিতভাবে গভীর খনন করা এবং পানির দীর্ঘ মেয়াদি চাহিদা সুনিশ্চিত করা। উল্লেখ্য ভৈরব নদী শেখ হাসিনার সরকার অনেকাংশে ইতোমধ্যে খনন করেছে। ভৈরবনদী সহ রক্ষণাবেক্ষণ সংস্কার জেলা পরিষদ পরিচালনা বা নিয়ন্ত্রণ থাকা প্রয়োজন। স্বনির্ভরতার লক্ষ্যে ভৈরব কেন্দ্রিক পঞ্চমুখি পর্যটন স্বনির্ভর প্রকল্প বাস্তবায়ন দরকার।

শিক্ষিত যুবক যুবতি নিয়ে সমবায় ভিত্তিক এই স্বনির্ভর প্রকল্প চালু করা। নেট খাঁচা পদ্ধতিতে সমবায় বাণিজ্যিক মাছ চাষ, ২৫ লক্ষ ডিম উৎপাদন ক্যাম্বেল হাঁস ও রাজ হাঁস পালন, মোটা তাজাকরণ প্রকল্পে গরু ও মহিষ পালন, নদীর দুই পাড়ে নার্সারি ও পরিকল্পিত বৃক্ষরোপণ, ওয়াকিং জোন, জিমনেশিয়াম, ঝুলন্ত কারট্যুরিজম এবং পর্যটন তরী নামে ৬টি ১৮ জন পর্যটক বহনকারী স্পিডবোটের মাধ্যমে একটি বহুমুখি ইকোপর্যটন স্বনির্ভর প্রকল্প চালু যা ২০৪১ সালে সমৃদ্ধি অর্জনে একটি মডেল হতে পারে। সেখান থেকে বছরে কোটি কোটি টাকা আয় করা সম্ভব।

জেলার যে সব সরকারী খাল, বিল, খাস জমি আছে তার উন্নয়নে টি.আর, কাবিখার মত প্রকল্প গ্রহণ করে সংষ্কার ও রক্ষণাবেক্ষণ এবং আধুনিকভাবে গড়ে তোলা। প্রকৃত মৎসজীবী ও নিম্ন আয়ের শ্রমজীবীদের অংশ গ্রহণে অধিকার রক্ষা করা। ভৈরব নদী কেন্দ্রিক সমবায় ভিত্তিক

সুব্যবস্থা করা। শস্য ফলজ, তৈলজ, প্রাণীজ ও মৎস এই তিন মিলেই আধুনিক কৃষিতে বিপ্লব ঘটেছে। সুস্বাস্থ্য জাতি গঠনে রাসায়নিক সার, বিষ ও ভেজাল খাদ্য ব্যবহারে নিরুৎসাহিত এবং জৈব সারের ব্যবহার বাধ্যতামূলক নিশ্চিত করা।

গাংনী মেহেরপুর জেলার সংসদীয় ২ আসন। ৯টি ইউনিয়ন, একটি উপজেলা, একটি পৌরসভা ও একটি থানা নিয়ে গঠিত। বাংলাদেশের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঞ্চল। জেলার সার্বিক উন্নয়নে গাংনী উপজেলাকে বিশেষ পরিকল্পনার মধ্যে নিয়ে আসতে হবে। এর মধ্যে গাংনীর চিৎলা কৃষি ফার্ম বাংলাদেশের সেরা একটি বৃহৎ বীজ উৎপাদন সেন্টার।

সময়ের প্রয়োজনেই এই ফার্মটিকে একটি আন্তর্জাতিক মানের সর্বাধুনিক প্রযুক্তি নির্ভর কৃষি ও জিওগ্রাফী বিশ্ববিদ্যালয় ও রিসার্স সেন্টার চালু করা। ইতোমধ্যে সেখানে কৃষি বিশ^বিদ্যালয় স্থাপনের বিষয় আলোচনায় আসছে। গাংনীর ভাটপাড়া নীলকুঠি প্রায় ১৪০ বিঘা জমির উপর ব্রিটিশ ব্যবহƒত একটি ঐতিহাসিক স্থান। এখন সরকারী আওতায় এই স্থানটিকে আয় বর্ধক পর্যটন কেন্দ্রীক একটি অর্থনৈতিক জোন গড়ে তোলা। সেখানে যে পার্কটি গড়ে তোলা হয়েছে তার আধুনিকায়ন করতে হবে। (চলবে)

একজনের টিকিটে অন্য কেউ ট্রেন ভ্রমণ করলেই দণ্ড

ট্রেন ভ্রমণের জন্য কেনা টিকিট, রিটার্ন টিকিট অথবা নির্দিষ্ট মেয়াদের টিকিট হস্তান্তরযোগ্য নয়। এটি কেবল যে ব্যক্তি বা যাত্রীর ভ্রমণের জন্য দেওয়া হবে সেই ব্যক্তিই ভ্রমণ করতে পারবেন।

বাংলাদেশ রেলওয়ের পক্ষ থেকে দেওয়া এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। টিকিটে সুনির্দিষ্টভাবে যে স্থান বা যে স্থানের মধ্যে ভ্রমণের অনুমতি দেওয়া হবে কেবল সেই স্থানসমূহের মধ্যেই বিষয়টি প্রযোজ্য হবে বলেও উল্লেখ করা হয়েছে বিজ্ঞপ্তিতে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যদি কোনো ব্যক্তি ট্রেনে ভ্রমণের নিজের

টিকেট, রিটার্ন টিকিট অথবা নির্দিষ্ট মেয়াদের টিকেট কারো কাছে হস্তান্তর বা বিক্রি করে তবে ওই বিক্রেতা তিন মাস পর্যন্ত কারাদণ্ড দণ্ডিত হবেন অথবা অর্থদণ্ড অথবা উভয় প্রকারের দণ্ডে দণ্ডিত হবেন। একইভাবে টিকিটের ক্রেতা অন্যের টিকিট ব্যবহার করলে অথবা ব্যবহারের চেষ্টা করলে তিনি একবার একক ভ্রমণের সমান অতিরিক্ত ভাড়ার জন্য দণ্ডিত হবেন।

দণ্ড এড়াতে অনলাইন অথবা মোবাইল অ্যাপ থেকে নিজে টিকেট কিনে ট্রেন ভ্রমণ করতে এবং অন্যের নামে কেনা টিকিটে ট্রেন ভ্রমণ থেকে বিরত থাকতে অনুরোধ জানানো হয়েছে বাংলাদেশ রেলওয়ের পক্ষ থেকে।

স্বাস্থ্যের সাবেক ডিজিকে আজও জিজ্ঞাসাবাদ চলছে দুদকে

করোনাভাইরাস সংক্রমণের সময় মাস্ক-পিপিইসহ নানা অনিয়ম-দুর্নীতির ঘটনায় স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক (ডিজি) আবুল কালাম আজাদকে আজও জিজ্ঞাসাবাদ করছে দুদক।

দুদক পরিচালক শেখ মো. ফানাফিল্লাহর নেতৃত্বে অনুসন্ধানকারী দলের সদস্যরা আজ বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকাল ১০টা থেকে তাঁকে জিজ্ঞাসাবাদ করছেন।

নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জাম কেনাকাটায় দুর্নীতির অভিযোগ ছাড়াও প্রতারক সাহেদের রিজেন্ট হাসপাতালের সঙ্গে করোনাভাইরাসের নমুনা সংগ্রহ ও চিকিৎসার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের চুক্তির প্রসঙ্গেও তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

এর আগে গতকাল বুধবার (১২ আগস্ট) রাজধানীর সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। দুদক পরিচালক মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে একটি দল সকাল ১০টা থেকে প্রায় ছয় ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ করে ডা. আবুল কালাম আজাদকে।

ওইদিন একই অভিযোগে জিজ্ঞাসাবাদ করা হয় স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক পরিচালক ডা. মো. আমিনুল হাসান, উপপরিচালক মো. ইউনুস আলী, ডা. মো. শফিউর রহমান ও গবেষণা কর্মকর্তা ডা. মো. দিদারুল ইসলামকে।

গত ২১ জুলাই বিতর্ক আর সমালোচনার মুখে পদত্যাগ করেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। জনপ্রশাসন মন্ত্রণালয়ে গিয়ে জনপ্রশাসন সচিবের কাছে নিজের পদত্যাগপত্র জমা দেন তিনি।

অধ্যাপক ডা. দ্বীন মোহাম্মদ নুরুল হক অবসরে যাওয়ার পর স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পান অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের দায়িত্ব পাওয়ার পর তাঁর মেয়াদ শেষ হয়ে গেলে তাঁকে আরো দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়।

বর্তমান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক নিজে উদ্যোগী হয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে এ নিয়োগ দেন। কিন্তু চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়ার পরই তাঁর বিরুদ্ধে চরম দায়িত্ব ও কর্তব্যে অবহেলা শৈথিল্য, পক্ষপাত এবং নানা রকম দুর্নীতির অভিযোগ ওঠে। এসব অভিযোগে জিজ্ঞাসাবাদের জন্য গত ৬ আগস্ট দুদকের প্রধান কার্যালয় থেকে পাঠানো একটি চিঠিতে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আবুল কালাম আজাদকে তলব করা হয়।

সূত্র- কালের কন্ঠ

সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

ফারমার্স ব্যাংকে ঋণ জালিয়াতির মামলায় সাবেক প্রধান বিচারপতি এস কে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়েছে।

বিচারপতি সিনহা বাদে মামলার অপর আসামিরা হলেন ফারমার্স ব্যাংকের (বর্তমানে পদ্মা ব্যাংক) অডিট কমিটির চেয়ারম্যান মাহবুবুল হক চিশতী ওরফে বাবুল চিশতী, সাবেক এমডি এ কে এম শামীম, সাবেক এসইভিপি গাজী সালাহউদ্দিন, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট সাফিউদ্দিন আসকারী, ভাইস প্রেসিডেন্ট মো. লুৎফুল হক, টাঙ্গাইলের বাসিন্দা মো. শাহজাহান, একই এলাকার নিরঞ্জন চন্দ্র সাহা, রনজিৎ চন্দ্র সাহা ও তার স্ত্রী সান্ত্রী রায়।

বিচারপতি সিনহা গত দুই বছর ধরে অবস্থান করছেন যুক্তরাষ্ট্রে। আসামিদের মধ্যে কেবল বাবুল চিশতী অন্য মামলায় কারাগারে আছেন। ঋণ জালিয়াতির এই মামলায় এখনও তাকে গ্রেফতার দেখানো হয়নি বলে আদালত তার বিরুদ্ধেও পরোয়ানা জারির আদেশ দিয়েছে। রীতি অনুযায়ী তা এখন হাজতি পরোয়ানা হিসেবে গণ্য হবে।
চলতি বছরের ১০ জুলাই সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে মামলা করেন দুদকের পরিচালক সৈয়দ ইকবাল হোসেন।

সূত্র- বিডি প্রতিদিন

বারাদিতে বিএনপি নেতা শাজাহানের ইন্তেকাল, জেলা বিএনপ ‘র শোক

মেহেরপুর সদর উপজেলার জুগিন্দা গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও জেলা বিএনপির নেতা শাহজাহান সাহান মিয়া আজ সকাল ৬ টা ৩০ মিনিটে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্নইলাহি রাজিউন)।

মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৬০ বছর। তিনি জুগিন্দা গ্রামের মৃত সিরাত মালিথার ছেলে।

জুগিন্দা গ্রামের পল্লী চিকিৎসক আকালি জানান, ভোর বেলার দিকে

হঠাৎ অসুস্থ হয়ে পড়লে মেহেরপুর সদর হাসপাতালে নিয়ে যাওয়ার পর পরই চিকিৎসারত অবস্থায় মৃত্যু বরন করেন।

তিনি স্ত্রী, ৪ সন্তান সহ অসংখ্য গুণগ্রাহী রেখে যান।

শাজাহান এর মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন শোক প্রকাশ করেন।

তারা বলেন, আমরা গভীরভাবে শোকাহত, মর্মাহত। শাজাহান এর মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপি পরিবার হারালো একজন অত্যন্ত দায়িত্বশীল এবং সাংগঠনিক নেতাকে।

যোহরের নামাজ পর মরহুমের জানাযা নামাজ অনুষ্ঠিত হবে বলে পরিবার সূত্রে জানাযায়।